

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬০০

খোয়াই, ২৫ অক্টোবর, ২০২৪

৮-৯ নভেম্বর খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব

আগামী ৮ ও ৯ নভেম্বর দু'দিনব্যাপী খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব খোয়াইয়ে নতুন টাউন হলে অনুষ্ঠিত হবে। গত ২৩ অক্টোবর জেলাশাসক কার্যালয়ে কনফারেন্স হলে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায়। সভায় উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিষ নাথ শর্মা, পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্মারী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী, জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু বার্মা, তেলিয়ামুড়ার মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার এবং জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব উপলক্ষে ৮-৯ নভেম্বর দু'দিনব্যাপী বিজ্ঞান প্রদর্শনী এবং হস্তশিল্প ও কৃষিপণ্যের প্রদর্শনী অনুষ্ঠিত হবে। জেলাভিত্তিক যুব উৎসবকে সফল করে তোলার জন্য খোয়াই জিলা পরিষদের সভাপতিকে চেয়ারম্যান এবং অতিরিক্ত জেলা শাসককে সদস্য সচিব করে একটি কার্যকরী কমিটি ও ৬টি উপকমিটি গঠন করা হবে।

\*\*\*\*\*